

## ছাত্র-ছাত্রীদের জন্য যা জানা প্রয়োজন:

### ১। কলেজে উপস্থিতি প্রসঙ্গে :

- (ক) বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রত্যেক ছাত্র-ছাত্রীকে প্রতি বিষয়ে মোট অনুষ্ঠিত ক্লাসের নৃন্যতম ৭৫% ক্লাসে উপস্থিতি থাকতে হবে ।
- (খ) ক্লাসের উপস্থিতি মোট অনুষ্ঠিত ক্লাসের ৬০% এর উপরে কিন্তু ৭৫% এর নীচে থাকলে নন-কলিজিয়েট হিসেবে গণ্য করা হবে । এ সব ছাত্র-ছাত্রী নির্দিষ্ট হারে জরিমানা প্রদান করে বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে ।
- (গ) কোন ছাত্র-ছাত্রীর ক্লাসের উপস্থিতি মোট অনুষ্ঠিত ক্লাসের ৬০% এর কম থাকলে ডিসকলেজিয়েট হিসেবে গণ্য হবে এবং বোর্ড/বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না ।
- (ঘ) প্রতি বছর বর্ষ সমাপনী পরীক্ষার পরে উপস্থিতি হিসেব করা হবে এবং প্রয়োজনীয় সংখ্যক উপস্থিতি না থাকলে ফলাফল স্থগিত রাখা হবে ।

### ২। কলেজের নির্দিষ্ট পোশাক প্রসঙ্গে :

- \* কলেজের ছাত্র-ছাত্রীদের জন্য নির্ধারিত পোশাক আছে । কলেজের নির্ধারিত পোশাক পরে ক্লাসে আসা বাধ্যতামূলক ।
- \* ছাত্রদের জন্য নির্ধারিত পোশাক: কলেজ কর্তৃক সরবরাহকৃত মনোগ্রামসহ সাদা শার্ট এবং যে কোন রং এর প্যান্ট ।
- \* ছাত্রীদের জন্য নির্ধারিত পোশাক: কলেজ কর্তৃক সরবরাহকৃত মনোগ্রামসহ ছাই রংয়ের এক্সেন বা বোরখা ।

### ৩। প্রদত্ত ফি প্রসঙ্গে :

- \* প্রত্যেক ছাত্র-ছাত্রীকে তাদের প্রদত্ত বিভিন্ন ফি কলেজ কর্তৃপক্ষ কর্তৃপক্ষ ঘোষিত নির্দিষ্ট তারিখ অনুযায়ী অবশ্যই প্রদান করতে হবে ।

### ৪। ফলাফল উচ্চ মাধ্যমিক শ্রেণির: ছাত্র-ছাত্রীদের প্রথম বর্ষের ফলাফল এর ভিত্তিতে ২য় বর্ষে উত্তীর্ণ ঘোষণা করা হবে এবং নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ স্বাপেক্ষে উচ্চ মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষার ফরম প্ররুণের অনুমতি দেওয়া হবে ।

### ৫। পরীক্ষার নম্বরফর্ড ও ক্লাসের উপস্থিতি অভিভাবককে প্রেরণ প্রসঙ্গে :

- \* কলেজের অভ্যন্তরীণ সব পরীক্ষার নম্বরফর্ড ও ক্লাসের উপস্থিতি বিবরণী প্রত্যেক ছাত্র-ছাত্রীর অভিভাবকের নিকট প্রেরণ করা হবে ।

### ৬। সম্মানিত অভিভাবকগণের সাথে মত বিনিময় : যে সকল ছাত্র-ছাত্রী নিয়মিত উপস্থিতি থাকবে না এবং পরীক্ষায় অংশগ্রহণ করবে না তাদের প্রসঙ্গে অভিভাবকদের সঙ্গে মত বিনিময় করা হবে ।

### ৭। স্নাতক শ্রেণির অভ্যন্তরীণ ফলাফল প্রসঙ্গে : প্রতি বর্ষের ফলাফল এর ভিত্তিতে পরবর্তি বর্ষে উত্তীর্ণ করা হবে । ক্লাস ও পরীক্ষায় অনুপস্থিত ছাত্র-ছাত্রীদের অভিভাবকদের সাথে যোগাযোগ করা হবে ।

### ৮। উপবৃত্তি ও ফ্রি স্টুডেন্টশৈপ: কলেজের ছাত্র-ছাত্রী সরকারি বিধি মোতাবেক উপবৃত্তি পেয়ে থাকে । এ ছাড়া গ্রীব ও মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য কলেজ থেকে বৃত্তি প্রদান করা হয় ।

### ৯। প্রগোদনা বৃত্তি: ছাত্র-ছাত্রীদের অনুপ্রাণিত করার লক্ষ্যে প্রতিটি পরীক্ষার ফলাফল আনুষ্ঠানিকভাবে ঘোষণা এবং প্রত্যেক বিভাগে মেধা স্থান অধিকারীকে প্রগোদনা বৃত্তি প্রদান করা হয় ।

### ১০। জাতীয় দিসব উদ্যাপন ও প্রতিযোগিতা: প্রত্যেকটি জাতীয় দিসব উদ্যাপন করা হয় এবং প্রতিযোগিতার ব্যবস্থা করা হয় ।

### ১১। ক্লাশ শুরু: বোর্ড ও বিশ্ববিদ্যালয় ঘোষিত তারিখ অনুযায়ী ।

